শিন্ডে না খড়গে, কংগ্রেসের ভার এবার কার হাতে

কংগ্রেসের সভাপতি পদ নিয়ে জল্পনার অবসান ঘটালেন রাহুল গান্ধী। তিনি যে আর দলের সভাপতি নন তা চিঠি লিখে জানিয়ে দিলেন। তারপরেই নতুন সভাপতি নিয়ে জল্পনা এখনও তুঙ্গে।

রাজনৈতিক মহলের বরাত দিয়ে ভারতীয় সংবাদমাধ্যম জি নিউজ জানিয়েছে, সভাপতির দৌঁড়ে রয়েছেন কংগ্রেসের দুই বর্ষীয়ান নেতা মল্লিকার্জুন খড়গে ও সুশীল কুমার শিন্ডে। কংগ্রেস যদি শেষপর্যন্ত এদের মধ্যে কাউকে বেছে নেয় তাহলে তা হবে তৃতীয় কোনও কংগ্রেস সভাপতি যিনি গান্ধী পরিবারের বাইরের মানুষ।

এর আগে কংগ্রেসের সভাপতির পদে ছিলেন সীতারাম কেশরী, নরসিংহ রাও।

২০০২ সালে দলের সহ-সভাপতি পদে লড়াই করেছিলেন সুশীল কুমার সিন্ডে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব পালন করেছেন ছিলেন। পাশাপাশি তিনি গান্ধী পারিবারের ঘনিষ্ঠও।

অন্যদিকে, গত লোকসভায় বিজেপির আক্রমণের মুখে দলকে নেতৃত্ব দিয়েছেন মল্লিকার্জুন খাড়গে। বহুবার কেন্দ্রের মন্ত্রী হয়েছেন। তবে কয়েক দশক পর এবার লোকসভা নির্বাচনে হেরেছেন খড়গে।

ভারতে এবারের লোকসভা নির্বাচনে দলের ভরাডুবির দায় কাঁধে নিয়ে ভোটের ফল প্রকাশের দুইদিনের মাথায় পদত্যাগপত্র জমা দেন রাহুল। যদিও দলীয় নেতারা তাকে ওই সিদ্ধান্ত বদলের জন্য বারবার অনুরোধ জানিয়ে আসছিলেন।

কিন্তু নিজের সিদ্ধান্তে অনড় রাহুল বুধবার দলীয় সভাপতির পদে না থাকার বিষয়ে জনতার উদ্দেশে লেখা এক খোলা চিঠিতে তার অবস্থান স্পষ্ট করেন।

এবারের লোকসভা নির্বাচনে মাত্র ৫২টি আসনে জয় পায় কংগ্রেস। অন্যদিকে আরও শক্তিশালী হয়ে টানা দ্বিতীয় মেয়াদে ভারতের ক্ষমতায় আসে নরেন্দ্র মোদির দল বিজেপি নেতৃত্বাধীন জোট এনডিএ। বিজেপি একাই ৩০৩ আসনে জয়লাভ করেছে।